

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.movsports.gov.bd

স্মারক নং- ৩৪.০০.০০০০.০৫১.৯১.০০১.২৫-৩০


তারিখ : ০৩ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ
১৭ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয় : চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে “ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৫” প্রদানের কার্যক্রম গ্রহণ।

সূত্র : এ মন্ত্রণালয়ের স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৯১.০০১.২৫-২০, তারিখ: ১৩ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য ১৮-৪৫ বছরের যুবদের চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে “ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৫” প্রদান উপলক্ষে বিজ্ঞপ্তি প্রকাশসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে উপজেলা পর্যায়ে দাখিলকৃত আবেদন যাচাই-বাছাইপূর্বক উপজেলা কমিটি হয়ে জেলা কমিটি এবং জেলা কমিটি কর্তৃক তা এ মন্ত্রণালয়ে প্রেরণের সময়সীমা সূত্রস্থ স্মারক মোতাবেক নির্ধারণপূর্বক ইতোমধ্যে সংশ্লিষ্টদের অবহিত করা হয়েছে। জেলা কমিটি কর্তৃক এ মন্ত্রণালয়ে আবেদন প্রেরণের সময়সীমা ০৪ মে, ২০২৫ তারিখ। উল্লেখ্য, এ অ্যাওয়ার্ড ৩০ জুন, ২০২৫ এর মধ্যে সম্পন্ন করার বাধ্যবাধকতা রয়েছে।

এমতাবস্থায়, সার্বিক বিবেচনায় অগ্রাধিকার ভিত্তিতে উপজেলা ও জেলা পর্যায়ে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন যাচাই-বাছাই প্রক্রিয়া সম্পন্ন করে চাহিত তথ্যাদি বিনা ব্যর্থতায় আগামী ০৬ মে, ২০২৫ তারিখ বিশেষ বাহক মারফত এ মন্ত্রণালয়ের অস্থায়ী কার্যালয় হিসেবে ১০৮, মতিঝিলস্থ যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে প্রেরণ করার জন্য এবং এ অ্যাওয়ার্ড প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সার্বিক সহযোগিতা প্রদানসহ মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের এ বিষয়ে নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৭/০৩/২৫
শাহানা সুলতানা
উপসচিব
ফোন : ০১৯১৮৩১৮০৩৮

মহাপরিচালক (গ্রেড-১)
যুব উন্নয়ন অধিদপ্তর

অনুলিপি :

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। যুগ্মসচিব (যুব অনুবিভাগ), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অফিস কপি।

মহাপরিচালকের কার্যালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন শাখা
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

নথি নং- ৩৪.০১.০০০০.০২৬.২৩.২০৫.২৫-৩২০


তারিখ- ২৩ মার্চ ২০২৫।

পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। উপপরিচালক----- (সকল জেলা), যুব উন্নয়ন অধিদপ্তর।
- ০২। প্রোগ্রামার, আইসিটি শাখা, মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/থানা যুব উন্নয়ন কর্মকর্তা----- (সকল উপজেলা/থানা)----- (সকল জেলা)।

সদয় জ্ঞাতার্থে:

- ০১। পরিচালক ----- (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপসচিব, যুব-০১ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। অফিস কপি।


২০/০৩/২৫
(অঞ্জলী রানী হাওলাদার)
সহকারি পরিচালক
বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন শাখা
ফোন-০২-২২৩৩৮৯৩১০